# নবদম্পতির স্বপ্ন ভেঙে চুরমার, বিয়ের এক বছরের মাথায় বিমান দুর্ঘটনায় পাইলট তৌকিরের মৃত্যু



সংগৃহীত ছবি

এক বছর আগে বিয়ে করলেও, এই বছরের ফেব্রুয়ারিতে স্ত্রীকে আনুষ্ঠানিকভাবে ঘরে তোলেন ফ্লাইট লেফটেন্যান্ট মো. তৌকির ইসলাম। মাত্র কয়েক মাস পরই রাজধানীর উত্তরায় বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে প্রাণ হারান তিনি। তার এই অকাল মৃত্যুতে রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জের বাড়িতে নেমে এসেছে শোকের ছায়া।

রাজধানীর উত্তরা ১১ নম্বর সেক্টরের মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের পাশে বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে নিহত হয়েছেন পাইলট ফ্লাইট লেফটেন্যান্ট মো. তৌকির ইসলাম। বিয়ের মাত্র এক বছরের মাথায় এমন করুণ মৃত্যুর খবরে শোকাচ্ছন্ন তার পরিবার, বন্ধুবান্ধব এবং সহকর্মীরা।

তৌকিরের স্ত্রী আকশা আহম্মেদ নিঝুম ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষিকা। জানা গেছে, বছরখানেক আগে গাজীপুরে পারিবারিকভাবে তাদের বিয়ে সম্পন্ন হয়। তবে আনুষ্ঠানিক বিবাহোত্তর অনুষ্ঠান হয় চলতি বছরের ফেব্রুয়ারিতে, রাজশাহীর নানকিং কমিউনিটি সেন্টারে। এরপর থেকে নবদম্পতি ঢাকায় বিমানবাহিনীর কোয়ার্টারে বসবাস করছিলেন।

তাঁর গাড়িচালক আলী হাসান জানান, “ঈদের ছুটিতে রাজশাহীতে এসেছিলেন তৌকির স্যার। নিজ বাড়িতে কোরবানি দিয়েছেন। ছুটি শেষে আমি নিজেই তাকে ঢাকায় দিয়ে আসি। তিনি অত্যন্ত বিনয়ী ও অহঙ্কারহীন মানুষ ছিলেন। ঢাকায় পৌঁছে কোয়ার্টারে নামিয়ে দেওয়ার পর নিজেই আমাকে পুরো এলাকা ঘুরিয়ে দেখিয়েছিলেন।”

তৌকিরের অকাল মৃত্যুতে তার জন্মস্থান চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার কানসার্ট গ্রাম ও রাজশাহীর শহরের বাড়িতে চলছে শোকের মাতম। পরিবার-পরিজন এখনও বিশ্বাস করতে পারছেন না, সদা হাস্যোজ্জ্বল ও দায়িত্বশীল তৌকির আর নেই।

প্রসঙ্গত, এ দুর্ঘটনার পর সরকার ২২ জুলাই রাষ্ট্রীয় শোক দিবস ঘোষণা করেছে। এ ঘটনায় নিহত ও আহতদের স্মরণে সারা দেশে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হচ্ছে।